


চলে গেলেন ল্যাপটপের প্রথম নকশাবিদ

চলে গেলেন প্রথম ল্যাপটপ কম্পিউটার নকশাবিদ বিল মগরিজ। ব্রিটিশ বংশোদ্ভূত এই নকশাবিদ ৬৯ বছর বয়সে ক্যানসারে আক্রান্ত হয়ে গত ৮ সেপ্টেম্বর মারা যান। তাঁর উদ্ভাবনের ফলেই পার্সোনাল কম্পিউটারের (পিসি) জায়গায় আসে বহনযোগ্য ল্যাপটপ। ১৯৭৯ সালে মগরিজ প্রথম 'গ্রিড কম্পাস' নামে ল্যাপটপের নকশা করেন। এটি মার্কিন



বিল মগরিজ (১৯৪৩-২০১২)



প্রথম ল্যাপটপ গ্রিড কম্পাস

সেনাবাহিনীতে ব্যবহৃত হয়। পণ্য নকশার অন্যতম পুরোধা বিল ছিলেন আন্তর্জাতিক উদ্ভাবন ও নকশা প্রতিষ্ঠান আইডিইওর সহ-প্রতিষ্ঠাতা। এ ছাড়া ২০১০ সাল থেকে তিনি নিউইয়র্কে স্মিথসনিয়ান ইনস্টিটিউটের জাতীয় নকশা জাদুঘরের পরিচালক হিসেবে দায়িত্ব পালন করে আসছিলেন। তাঁর তৈরি করা গ্রিড কম্পাসই বিশ্বের প্রথম ল্যাপটপ হিসেবে পরিচিত।

১৯৮২ সালে আনুষ্ঠানিকভাবে কম্পিউটারটি বাজারে আসে,

যার দাম ছিল আট হাজার ১৫০ ডলার। মানুষের ব্যবহারের পাশাপাশি যন্ত্রটি মহাকাশেও পাঠানো হয়। ১৯৪৩ সালের ২৫ জুন লন্ডনে জন্মগ্রহণ করা বিলের বাবা ছিলেন ব্রিটিশ সামরিক বাহিনীর সদস্য ও মা ছিলেন চিত্রকর। কাজের স্বীকৃতি হিসেবে তিনি যুক্তরাজ্যের সম্মানসূচক প্রিন্স ফিলিপ ডিজাইনার পুরস্কার পান। —বিবিসি ও ওয়াশিংটন পোস্ট
অবলম্বনে কাজী আশফাক আলম